‘বিপ্লব ও সংহতি দিবস’ উপলক্ষে সিলেট জেলা ও মহানগর বিএনপির বর্ণাঢ্য র্যালি বৃহস্পতিবার

চেম্বার ডেস্ক : ঐতিহাসিক সাত নভেম্বর ‘জাতীয় বিপ্লব ও সংহতি দিবস’ উপলক্ষ্যে সিলেট জেলা ও মহানগর বিএনপির উদ্যোগে বৃহস্পতিবার (৭ নভেম্বর) বেলা ২টায় নগরীর ঐতিহাসিক রেজিষ্ঠারী মাঠে থেকে বর্ণাঢ্য র্যালি বের হবে।

র্যালী সফল করতে জেলা ও মহানগর বিএনপি অঙ্গ ও সহযোগি সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী, মহানগর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি রেজাউল হাসান কয়েস লোদী, জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট এমরান আহমদ চৌধুরী ও মহানগর বিএনপির সাধারণ সম্পাদক ইমদাদ হোসেন চৌধুরী।